



স্মারক নং-৩৫.০৪.০০০০.০৬৫.০০.০১৩.২৪-২৪৮০

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩২
১৫ ডিসেম্বর ২০২৫

ইন্টার্নশিপ আহবান বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০৬৯.২৯.০১০.২৪-১০০, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ মোতাবেক ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর অধীনে ০৬ মাস মেয়াদে ০২(দুই) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা হলো:

- ০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:
পরিবহন ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত
(মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারীদের জন্য)
- ০২। আবেদনের যোগ্যতা:
(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে;
(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে এবং
(ঙ) বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ইন্টার্নশিপ প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ০৫। ইন্টার্নশিপ চলাকালীন বিধি মোতাবেক মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
- ০৬। বিআরটিসি নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
- ০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংশ্লিষ্ট তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে বিআরটিসি বা এর অধীন কোনো ডিপো/ইউনিট বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে বিআরটিসি'র ওয়েব সাইট (<https://brtc.gov.bd>) থেকে আবেদন ফর্ম ডাউনলোড করে স্বহস্তে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তপূর্বক আগামী ১৫/০১/২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে বিআরটিসি'র প্রধান কার্যালয়ে (বিআরটিসি ভবন, ২১ রাজউক এডিনিউ, মতিঝিল ঢাকা-১০০০) পরিচালক (প্রশাঃ ও অপাঃ) বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের দুই কপি কালো হার ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ডিসি-৮৯৪/২৫ (৯'x৩)

ব্যবস্থাপক
বিআরটিসি

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/- ৫৬২৩৪-৬৫

তারিখঃ

২২/১০/২০২৬
২২/১৪৩২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়

০২/০২/২০২৬

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।